

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ৭, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২১ আশ্বিন, ১৪৩১/০৬ অক্টোবর, ২০২৪

এস.আর.ও. নম্বর ৩৩৪-আইন/২০২৪—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জনপ্রতিনিধিত্বশীল ও কার্যকর গণতন্ত্র প্রতিষ্ঠা ও জনগণের ক্ষমতায়নের উদ্দেশ্যে দেশের বিদ্যমান সংবিধান পর্যালোচনা ও মূল্যায়ন করিয়া সংবিধান সংস্কারের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশসহ প্রতিবেদন প্রস্তুত করিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টার অনুমোদনক্রমে “সংবিধান সংস্কার কমিশন” নামে নিম্নরূপ কমিশন গঠন করিল:

(ক) সংবিধান সংস্কার কমিশন

- | | |
|---|----------------|
| ১. অধ্যাপক আলী রীয়াজ, রাষ্ট্রবিজ্ঞানী ও লেখক | - কমিশন প্রধান |
| ২. জনাব সুমাইয়া খায়ের, অধ্যাপক, আইন বিভাগ,
ঢাকা বিশ্ববিদ্যালয় | - সদস্য |
| ৩. জনাব ইমরান সিদ্দিকী, বার-এট-ল | - সদস্য |
| ৪. জনাব মুহাম্মদ ইকরামুল হক, অধ্যাপক, আইন বিভাগ,
ঢাকা বিশ্ববিদ্যালয় | - সদস্য |
| ৫. ড. শরীফ ভূঁইয়া, এডভোকেট, বাংলাদেশ সুপ্রীমকোর্ট | - সদস্য |
| ৬. জনাব এম মঈন আলম ফিরোজী, বার-এট-ল | - সদস্য |
| ৭. জনাব ফিরোজ আহমেদ, লেখক | - সদস্য |

(২৭১৫৩)

মূল্য : টাকা ৪.০০

৮. জনাব মোঃ মুস্তাইন বিল্লাহ, লেখক ও মানবাধিকার কর্মী - সদস্য
৯. জনাব মোঃ মাহফুজ আলম, শিক্ষার্থী প্রতিনিধি - সদস্য
- (খ) কমিশন ৬ অক্টোবর ২০২৪ তারিখ হইতে কার্যক্রম শুরু করিবে এবং সংশ্লিষ্ট সকল মতামত বিবেচনা করিয়া পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে প্রস্তুতকৃত প্রতিবেদন অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টার নিকট হস্তান্তর করিবে;
- (গ) কমিশনের কার্যালয় সরকার কর্তৃক নির্ধারিত হইবে;
- (ঘ) কমিশনের প্রধান ও সদস্যগণ সরকার কর্তৃক নির্ধারিত সরকারি পদমর্যাদা, বেতন/সম্মানি ও সুযোগ-সুবিধা পাইবেন; তবে শর্ত থাকে যে, কমিশন প্রধান বা কোনো সদস্য অবৈতনিক হিসাবে দায়িত্ব পালন করিতে চাহিলে বা সুযোগ-সুবিধা গ্রহণ করিতে না চাহিলে তাহা অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা অনুমোদন করিতে পারিবেন;
- (ঙ) প্রজাতন্ত্রের সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা কমিশনের চাহিদানুযায়ী প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সরবরাহসহ সকল ধরনের সহযোগিতা প্রদান করিবে;
- (চ) কমিশন প্রয়োজনে উপযুক্ত ব্যক্তিকে কমিশনের সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিতে পারিবে;
- (ছ) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ এ কমিশনকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহবুব হোসেন
মন্ত্রিপরিষদ সচিব